

13.04.26

অতি গোপনীয়
অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-৫ অধিশাখা
www.moa.gov.bd

স্মারক নং-১২.০০.০০০০.০০০.০২৪.১৬.০০২.২৬.১৪৬

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২
১২ এপ্রিল ২০২৬

বিষয়-১: বিদ্যমান বৈশ্বিক পরিস্থিতিতে বিদ্যুৎ ও জ্বালানি সংকট নিরসনে সমন্বিত কর্মকৌশল প্রস্তাব অনুমোদন।

সূত্র : সচিব মহোদয়ের দপ্তরের পত্র নং-১২.০০.০০০০.০০২.৩২.০০১.১৬.৬৮; তারিখ: ০৫ এপ্রিল ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রেণিতে জানানো যাচ্ছে যে, গত ০৫ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:

আলোচনা	সিদ্ধান্ত
১৪। বিদ্যমান বৈশ্বিক পরিস্থিতিতে বিদ্যুৎ ও জ্বালানি সংকট নিরসনে বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রণীত সমন্বিত কর্মকৌশল সমন্বয়যোগ্য। এই কর্মকৌশলে প্রতিদিন প্রায় ৩১০০ মেগাওয়াট বিদ্যুৎ সাশ্রয়ের যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হইয়াছে তাহা বাস্তবায়নের ক্ষেত্রে কৃষি জমিতে সেচ সুবিধা প্রদান, সারের উৎপাদন, মজুদ ও সুষ্ঠু বিতরণ নিশ্চিতকরণ, শিল্প উৎপাদন ও প্রবৃদ্ধি বজায় রাখিবার স্বার্থে শিল্পখাতে প্রয়োজনীয় জ্বালানির যোগান অগ্রাধিকার ভিত্তিতে অব্যাহত রাখা আবশ্যিক। আগামী ৩ (তিন) মাস দেশব্যাপী সকল প্রকার আলোকসজ্জা পরিহার করা সমীচীন। আলোকসজ্জা পরিহারসহ বিদ্যুৎ সাশ্রয়ে গৃহীত কর্মকৌশল বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক প্রিন্ট ও ইলেকট্রনিক মাধ্যমে প্রচার কার্যক্রম গ্রহণ করা আবশ্যিক। প্রযোজ্য ক্ষেত্রে পর্যাপ্ত সংখ্যক ভ্রাম্যমান আদালত পরিচালনা করা যাইতে পারে। সরকারি ও বেসরকারি অফিস সকাল ৯টা হইতে বিকাল ৪টা, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সকাল ৯টা হইতে বিকাল ৪টা, ব্যাংকিং সেবা সকাল ১০টা হইতে বিকাল ৩টা পর্যন্ত নির্ধারণ করা যাইতে পারে। জরুরি সেবা ব্যতীত সকল অফিস ভবন, বিপণিবিতান, বাণিজ্যিক প্রতিষ্ঠান সন্ধ্যা ৬ ঘটিকায় বন্ধ করা আবশ্যিক। শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যুৎ সাশ্রয়ের কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে অংশীজনের সহিত আলোচনাপূর্বক শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রিসভা-বৈঠকে প্রস্তাব উপস্থাপন করা সমীচীন। সার্বিক পর্যালোচনায়, সারসংক্ষেপের সহিত উপস্থাপিত কর্মকৌশল অনুমোদন করা যাইতে পারে। কর্মকৌশল বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক কর্মকৌশল বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করা আবশ্যিক।	১৫.১। বিদ্যমান বৈশ্বিক পরিস্থিতিতে বিদ্যুৎ ও জ্বালানি সংকট নিরসনে সারসংক্ষেপের সহিত উপস্থাপিত সমন্বিত কর্মকৌশল বাস্তবায়নে মন্ত্রিসভা-বৈঠকের আলোচনা অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিবে এবং মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করিবে।

০২। এমতাবস্থায়, বর্ণিত সিদ্ধান্তের আলোকে কার্যক্রম গ্রহণ এবং সিদ্ধান্তটি বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত প্রতিমাসের ০২ তারিখে মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (সফটকপিসহ) প্রশাসন-৫ শাখায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

মোঃ সাইদুর রশিদ
উপসচিব

ফোন: ৫৫১০০৬২৬

ই-মেইল: admn5.moa@gmail.com

বিতরণ (মন্ত্রণালয়) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

১। অতিরিক্ত সচিব ও মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়।

২। অতিরিক্ত সচিব (গবেষণা/পরিকল্পনা/সম্প্রসারণ/সার ব্যবস্থাপনা ও উপকরণ/প্রশাসন/পিপিপি/নিরীক্ষা), কৃষি মন্ত্রণালয়।

দপ্তর/সংস্থা

১. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি ঊন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
২. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৩. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
৪. মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৫. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।

চলমান পাতা/০২

পত্র নং- ৬০৪
প্রাপ্তির তারিখ- ২৬/০৪/২৬
বিভাগ/শাখা-
বিডারিউএম আরআই, দিনাজপুর।

৬. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ খান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৮. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৯. মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রম গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
১০. মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী, জয়দেবপুর, গাজীপুর।
- ✓ ১১. মহাপরিচালক, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, নশিপুর, দিনাজপুর।
১২. মহাপরিচালক, মুত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা।
১৩. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, আড়াইহাজার, নারায়নগঞ্জ।
১৪. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা।
১৫. নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
১৬. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, জয়দেবপুর, গাজীপুর।
১৭. পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।